



## প্রেস রিলিজ

### বর্ণাঢ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদযাপন

**বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ মার্চ ২০২৩খ্রিঃ।**

যথাযোগ্য মর্যাদায় বরিশাল বিশ্ববিদ্যালয় উদযাপন করেছে মহান স্বাধীনতার স্বপ্নপতি বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২৩। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির শুরুতে সকাল ৯:৩০ টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, লাইব্রেরিয়ান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এরপর পুষ্পস্তবক অর্পণে অংশ নেয় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হল, বিভিন্ন বিভাগ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, ববিত্তে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকারসহ। এদিকে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে সকাল ৯:৪৫ টায় প্রশাসনিক ভবন ১ এর নিচ তলায় শিশু-কিশোরদেরকে সাথে নিয়ে কেক কাটেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। সকাল ১০ টায় শিশু-কিশোরদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় চিত্রাংকন প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও দিবসটি উপলক্ষে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের নিচ তলায় এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, আজকের দিনটি বাঙালী জাতির জন্য একটি আনন্দঘন দিন। বাঙালীর সার্বজনীন উৎসবের মধ্যে বঙ্গবন্ধুর জন্মদিন অন্যতম। বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশ নামক স্বাধীন রাষ্ট্রের জন্ম হতনা। তরুণ প্রজন্মকে প্রাতিষ্ঠানিক শিক্ষার সাথে সাথে নীতি-নৈতিকতা, সততা, মানবিক মূল্যবোধ সৃজনে বঙ্গবন্ধুকে অনুসরণ করতে হবে। এসময় উপাচার্য মহোদয় বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, ছাত্র পরামর্শ ও নির্দেশনার পরিচালক ড. তারেক মাহমুদ আবীর এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সোহেল রানা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের প্রভাষক প্রজ্ঞা পারমিতা বোস। সভা শেষে চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ী ও অংশগ্রহণকারী সকল শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এদিকে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলে রাত ৮ টায় হলের প্রাধ্যক্ষ আরিফ হোসেনের সভাপতিত্বে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি থাকবেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি থাকবেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং প্রক্টর ড. খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস